# চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ (সিআইএমসি)

## গভর্ণিং বডি'র ১৪তম সভার কার্যবিবরণী

(নবগঠিত গভর্ণিং বডি ২০২৩-২৪ এর ১ম সভা)

স্থান : এমইইউ সেমিনার হল, সিআইএমসি।

তারিখ: ১৮ মার্চ-২০২৩ ইংরেজি

সময়: সকাল-১১.১০ঘটিকা

উপস্থিতি:

| নাম: | পরিচিতি: | পদবী: |
|---|---|---|
| ১। অধ্যাপক ডা. মো. ইসমাইল খান | উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়। | সভাপতি |
| ২। অধ্যাপক মোহাম্মদ নুরুন্নবী | সদস্য, নির্বাহী পরিষদ ডেভলপমেন্ট ফর এডুকেশন, সোসাইটি এন্ড হেলথ | |
| ৩। অধ্যাপক ডা. সাহেনা আক্তার | ডিন, মেডিসিন অনুষদ, চমেবি ও অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ | সহসভাপতি |
| ৪। জনাব মো: শাহ আলম | অতিরিক্ত সচিব (প্রশাসন অনু:বিভাগ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম। | সদস্য |
| ৫। অধ্যাপক ডা. মো: মিজানুর রহমান চৌধুরী | প্রতিনিধি, উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় | ,, |
| ৬। অধ্যাপক ডা. মো. মোখলেছুর রহমান | শিক্ষক প্রতিনিধি | ,, |
| ৭। ডা. মো: ইব্রাহীম | অভিভাবক প্রতিনিধি | ,, |
| ৮। ডা. মো: মোতাহহার হোসেন | অভিভাবক প্রতিনিধি | ,, |
| ৯। প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১০। অধ্যাপক ডা. মোহাম্মদ মুসলিম উদ্দিন | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১১। অধ্যক্ষ মো: তাহের | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১২। অধ্যাপক ডা. জালাল উদ্দিন | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৩। অধ্যাপক ডা. বাবুল ওসমান চৌধুরী | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৪। ডা. এটিএম রেজাউল করিম | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৫। ডা. মোহাম্মদ ইউসুফ | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৬। ব্যারিষ্টার বেলায়েত হোসেন | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৭। এড. মনজুর আহমদ আনসারী | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৮। ইঞ্জিনিয়ার মুমিনুল হক | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ১৯। জনাব মুহাম্মদ জিয়াউর রহমান | উদ্যোক্তা প্রতিনিধি | ,, |
| ২০। অধ্যাপক ডা. মো. টিপু সুলতান | অধ্যক্ষ, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ | সদস্য সচিব |

চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ (সিআইএমসি) গভর্ণিং বডি'র ১৪তম সভা ১৮/০৩/২০২৩ ইংরেজি তারিখ বেলা ১১.০০ টা এমইইউ সেমিনার হল, সিআইএমসি এ অনুষ্ঠিত হয়। সভার ১ম পর্বে/অধিবেশনে সভাপতিত্ব করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও কলেজ গভর্ণিং বডি'র সভাপতি অধ্যাপক ডা. মো. ইসমাইল খান।
সভায় বিশদ আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিষয়-১: নবগঠিত গভর্ণিং বডি'র পরিচিতি।

চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজের নবগঠিত গভর্ণিং বডি ( ২০২৩-২০২৪) এর পরিচিতি অনুষ্ঠিত হয়। সভার সভাপতি মহোদয় পরিচিতি পর্ব পরিচালনা করেন। পরে নবগঠিত গভর্ণিং বডিকে শুভেচ্ছা জানিয়ে ও সাফল্য কামনা করে নিম্নলিখিত সদস্যগণ বক্তব্য রাখেন।

ক) নবগঠিত গভর্ণিং বডির সর্বাঙ্গীন সাফল্য কামনা করে বক্তব্য রাখেন অধ্যাপক মো: ইসমাইল খান মাননীয় উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়। তিনি বলেন চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ বাংলাদেশে একটি স্বনামধন্য মেডিকেল কলেজ। অত্র কলেজের উত্তরোত্তর উন্নতিকল্পে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিভাবকের ভূমিকা পালন করবে এবং সার্বিক সহযোগিতা সহ পাশে থাকবে। তিনি নবগঠিত গভর্ণিং বডিকে অভিনন্দন জানান।

খ) মো: শাহ আলম অতিরিক্ত সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয় নবগঠিত গভর্ণিং বডিকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং তাদের সার্বিক সাফল্য কামনা করেন, চিকিৎসা শিক্ষার গুনগত মান নিশ্চিত পূর্বক দক্ষ চিকিৎসক তৈরিতে নবগঠিত গভর্ণিং বডিকে বলিষ্ঠ ভূমিকা রাখার আহবান জানান।

গ) অধ্যাপক ড. কাজী দ্বীন মুহাম্মদ চেয়ারম্যান, নির্বাহী পরিষদ, ডেভলপমেন্ট ফর এডুকেশন, সোসাইটি এন্ড হেলথ (**DESH**) ও সদস্য গভর্ণিং বডি, এর বক্তব্য- তিনি বলেন আমরা সকলের সহযোগিতায় প্রতিষ্ঠান গড়েছি। প্রতিষ্ঠানকে উন্নতির শীর্ষ সোপানে অধিষ্ঠিত করা আমাদের সকলের দায়িত্ব। তিনি নবগঠিত গভর্ণিং বডিকে অভিনন্দন জানান ও সর্বাঙ্গীন সফলতা কামনা করেন এবং সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। তিনি মাননীয় উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর সহযোগিতাকে কৃতজ্ঞচিত্তে স্বরণ করেন এবং ভবিষ্যতেও সহযোগিতা অব্যাহত রাখার আশা পোষন করেন।

ঘ) অধ্যাপক মোহাম্মদ নুরুন্নবী চেয়ারম্যান, নবগঠিত গভর্ণিং বডি এর বক্তব্য- তিনি মাননীয় উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর সহযোগিতাকে কৃতজ্ঞতাভরে স্মরণ করেন এবং ধন্যবাদ জানান। ভবিষ্যতে ও তাঁর সার্বিক সহযোগিতা ও অভিভাবকত্ব কামনা করেন। অতিরিক্ত সচিব ( প্রশাসন ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম সহ সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং সার্বিক সহযোগিতা কামনা করেন।

ঙ) ব্যারিষ্টার বেলায়েত হোসেন সদস্য গভর্ণিং বডি এর বক্তব্য- তিনি কলেজ পরিচালনায় গভর্নিং বডির সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, আপনাদের উপদেশ ও অভিভাবকত্বে অত্র প্রতিষ্ঠানের পরিচিতি ও সুনাম দেশের গন্ডি পেরিয়ে আর্ন্তজাতিক পরিমণ্ডলে ছড়িয়ে পড়বে।

বিষয়-০২: গভর্ণিং বডির ১৩তম সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন।

সিদ্ধান্ত- গভর্ণিং বডির ১৩ তম সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

অতপর গভর্ণিং বডির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার ১ম পর্ব/অধিবেশন সমাপ্তি ঘোষনা করেন।

গভর্ণিং বডির সভার ২য় পর্ব/অধিবেশন নবগঠিত গভর্ণিং বডির সম্মানিত সভাপতি অধ্যাপক মোহাম্মদ নুরুন্নবী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিষয়-০৩: একাডেমিক কাউন্সিলের ২৫, ২৬ ও ২৭ তম সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন।

সিদ্ধান্ত- সর্বসম্মতিক্রমে একাডেমিক কাউন্সিলের ২৫, ২৬ ও ২৭ তম সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

বিষয়-০৪: ফাইন্যান্স কমিটির ৮ম সভার কার্যবিবরণী অনুমোদন।

সিদ্ধান্ত- ফাইন্যান্স কমিটির ৮ম সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

বিষয়-০৫: সিলেকশন বোর্ড কর্তৃক নির্বাচিত শিক্ষক নিয়োগ/পদোন্নতি অনুমোদন।

সিদ্ধান্ত: সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নলিখিত শিক্ষকের নিয়োগ/পদোন্নতি অনুমোদন করা হয়।

| ক্রমিক নং | শিক্ষকের নাম | পদোন্নতি/নিয়োগ প্রাপ্ত পদ | বিষয়/বিভাগ |
|---|---|---|---|
| ০১ | ডা. মোহাম্মদ হাসান মিয়া | অধ্যাপক | ইউরোলজি |

উক্ত পদোন্নতি অদ্য ১৮/০৩/২০২৩ ইংরেজি থেকে কার্যকর হবে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

অধ্যাপক ডা. মো. টিপু সুলতান
অধ্যক্ষ
ও সদস্য সচিব, গভর্ণিং বডি
চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ।

অধ্যাপক মোহাম্মদ নুরুন্নবী
সভাপতি
গভর্ণিং বডি
চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ।